



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
ডাকবাংলা নং ৩২৫  
ঢাকা  
বাংলাদেশ

www.bangladesh-bank.org.bd

কৃষিক্ষণ ও স্পেশাল প্রোগ্রামস বিভাগ  
(শিল্প উপ বিভাগ)

সূত্র নং-এসিএসপিডি সার্কুলার নং ০৮

তাং ২৬/০৫/২০০৮ ইং

বাংলাদেশের সকল তফসিলী  
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

## ক্ষুদ্র ও মাঝারী খাতের একক সংজ্ঞা প্রদান প্রসঙ্গে /Indifferent Defination of Small & Medium Enterprise sector

উপরোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

ক্ষুদ্র ও মাঝারী খাত বিষয়ে পূর্বে প্রচলিত সংজ্ঞা সংশোধনপূর্বক নিম্নরূপভাবে একক সংজ্ঞা নির্ধারণ করা হল :

(১) স্মল এন্টারপ্রাইজ বলতে এমন প্রতিষ্ঠানকে বুঝায়/বুঝাবে যা আদর্শগতভাবে কোন পাবলিক লিমিটেড কোম্পানী নয় এবং নিম্নোক্ত নিয়ামকসমূহ (Criteria) পূরণ করে-

সেবা খাত : এক্ষেত্রে মোট স্থায়ী সম্পদের পরিমাণ ভূমি ও ইমারত ব্যতীত ৫০,০০০.০০ টাকা থেকে ৫০,০০,০০০.০০ টাকা এবং/অথবা কর্মরত লোকবল অনূর্ধ্ব ২৫ জন।

ব্যবসা খাত : এক্ষেত্রে মোট স্থায়ী সম্পদের পরিমাণ ভূমি ও ইমারত ব্যতীত ৫০,০০০.০০ টাকা থেকে ৫০,০০,০০০.০০ টাকা এবং/অথবা কর্মরত লোকবল অনূর্ধ্ব ২৫ জন।

শিল্প খাত (Manufacturing Concern) : এক্ষেত্রে মোট স্থায়ী সম্পদের পরিমাণ ভূমি ও ইমারত ব্যতীত ৫০,০০০.০০ টাকা থেকে ১,৫০,০০,০০০.০০ টাকা এবং/অথবা কর্মরত লোকবল অনূর্ধ্ব ৫০ জন।

(২) মাঝারী এন্টারপ্রাইজ বলতে সে সমস্ত প্রতিষ্ঠানকে বুঝায়/বুঝাবে যা আদর্শগতভাবে পাবলিক লিমিটেড কোম্পানী নয় এবং নিম্নোক্ত নিয়ামকসমূহ (Criteria) পূরণ করে-

সেবা খাত : এক্ষেত্রে মোট স্থায়ী সম্পদের পরিমাণ ভূমি ও ইমারত ব্যতীত ৫০,০০,০০০.০০ টাকা থেকে ১০,০০,০০,০০০.০০ টাকা এবং/অথবা কর্মরত লোকবল অনূর্ধ্ব ৫০ জন।

ব্যবসা খাত : এক্ষেত্রে মোট স্থায়ী সম্পদের পরিমাণ ভূমি ও ইমারত ব্যতীত ৫০,০০,০০০.০০ টাকা থেকে ১০,০০,০০,০০০.০০ টাকা এবং/অথবা কর্মরত লোকবল অনূর্ধ্ব ৫০ জন।

শিল্প খাত (Manufacturing Concern) : এক্ষেত্রে মোট স্থায়ী সম্পদের পরিমাণ ভূমি ও ইমারত ব্যতীত ১,৫০,০০,০০০.০০ টাকা থেকে ২০,০০,০০,০০০.০০ টাকা এবং/অথবা কর্মরত লোকবল অনূর্ধ্ব ১৫০ জন।

এ সার্কুলার অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবদুল হক)  
মহাব্যবস্থাপক  
ফোন : ৭১২০৯৪৭